

ব্র্যাকের সেমিনারে শিক্ষামন্ত্রী শিক্ষার মানোন্নয়নে গুরুত্ব দেওয়া হচ্ছে

■ সমকাল প্রতিবেদক
 শিক্ষার গুণগত মান উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে দেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, উত্থাপনযুক্তি ব্যবহারের মাধ্যমে জীবনমান উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ করছে। এ পরিকল্পনায় ২০২১ সালের মধ্যে দেশ থেকে দারিদ্র্য দূর করা হবে। দেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। এ লক্ষ্যে শিক্ষার সার্বিক মানোন্নয়নে সর্বাধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। 'পরবর্তী প্রজন্মের জন্য মানসম্মত শিক্ষা' শীর্ষক সেমিনারে গতকাল তিনি এসব কথা বলেন।

রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক ও ইনস্টিটিউট ফর ইনফরমেটিকস অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআইডি) এ সেমিনারের আয়োজন করে। এতে বক্তব্য রাখেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মহাপরিচালক মোহাম্মদ আলমগীর ও ব্র্যাক শিক্ষা কর্মসূচির পরিচালক ড. শফিকুল ইসলাম। সেমিনারে ব্র্যাকের উর্ধ্বতন পরিচালক আসিফ সালেহ ও আইআইডির প্রধান নির্বাহী কর্মকর্তা সাইদ আহমেদ যৌথভাবে প্রবন্ধ উপস্থাপন করেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে হবে। সেই লক্ষ্য সামনে রেখে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে। প্রবর্তিত নতুন কারিকুলামের আঙ্গিকে আগামী প্রজন্মকে যোগ্য হিসেবে গড়ে তোলা হবে। ১০ লাখ শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। শিক্ষকদের মধ্যে নারী-পুরুষের সমতার ক্ষেত্রে দেশ অনেক এগিয়েছে। প্রাথমিক শিক্ষকদের মধ্যে শতকরা ৫১ জন নারী। মাধ্যমিকে নারী শিক্ষক ৫৩ ভাগ। কোচিং ব্যবসা আর ভর্তি বাণিজ্যও ধীরে ধীরে কমিয়ে আনার চেষ্টা করা হচ্ছে।

এমএ মান্নান শিক্ষাক্ষেত্রে অবকাঠামোগত ঘাটতির কথা স্বীকার করে বলেন, এখন শিক্ষার হার বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। এর পর গুণগত মান গুরুত্ব পাবে।